

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৭.০৪.২০১৫ তারিখে বগুড়া, সাতক্ষীরা, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝিনাইদহ ও নড়াইল জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স এ প্রদত্ত দিক নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি।

প্রদত্ত নির্দেশনা :

যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখতে হবে ;

মবক কর্তৃক গৃহীত পদক্ষেপ :

মোংলা বন্দর কার্যকরীভাবে সচল রয়েছে এবং বন্দরের কার্যক্রম ক্ষমতা আরও বৃদ্ধি করার জন্য বহুবিধ প্রকল্প হাতে নেয়া হয়েছে।

মোংলা বন্দরের ব্যবহার বৃদ্ধি ও উন্নয়নকল্পে সরকার অগ্রাধিকার ও বিশেষ গুরুত্ব প্রদান করে। এতে মোংলা বন্দরের ব্যবহার আশানুরূপভাবে বৃদ্ধি পেতে থাকে এবং মোংলা বন্দর পুনরায় একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বন্দর ব্যবহার বৃদ্ধির ধারাবাহিকতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের জাহাজ হ্যান্ডলিং এর সংখ্যা ৭৮৪ টি, কার্গো হ্যান্ডলিং ৯৭.১৬ লক্ষ মেঃ টন (আমদানি ও রপ্তানি), ৪২৯৮৯ টিইইউজ কন্টেইনার হ্যান্ডেল করা হয়েছে এবং ২৬৬.৪২ কোটি টাকা রাজস্ব আয় করা সম্ভব হয়েছে। ২০১৮-১৯ অর্থ বছরে বন্দর ব্যবহার বৃদ্ধি অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-১৯ মাসে ৭৩টি (তিয়ত্তর) জাহাজ হ্যান্ডলিং করা হয়েছে।

সমুদ্র পথে বাণিজ্যের প্রসারসহ আঞ্চলিক যোগাযোগ এবং বন্দরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯-২০১৯ পর্যন্ত মোট ৪৫৪ কোটি ৪৭ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয়ে মোট ০৯ টি উন্নয়ন প্রকল্প এবং ০৪ টি উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ১১টি অনুমোদিত প্রকল্প এবং ০৬ টি উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়াধীন।

২০১৮-১৯ অর্থবছরে মোংলা বন্দরের অর্জন (এপ্রিল-২০১৯ পর্যন্ত) :

ক্রঃ নং	কার্যক্রম	অর্জন	গত বছরের তুলনায় হ্রাস/বৃদ্ধি
১.	জাহাজ হ্যান্ডলিং	৭৯৪ টি	(+) ২০.১২ %
২.	কার্গো হ্যান্ডলিং	১ কোটি ২ লক্ষ ১১৫ মেঃ টন	(+) ২০.৪৩ %
৩.	কন্টেইনার হ্যান্ডলিং	৪৭৭২৭ টিইইউজ	(+) ৩১.৬৩ %
৪.	গাড়ি হ্যান্ডলিং	৯৮৯৫ টি	(-) ৩০.৭৫ %
৫.	রাজস্ব আয়	২৬৬.৫৪ কোটি টাকা	(+) ১৮.১৮ %

স্বাক্ষরিত/ ০৫-০৫-১৯

পরিচালক (প্রশাসন)